



প্রেস রিলিজ

২৮ সেপ্টেম্বর ২০২২

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসে- বাউবি উপাচার্য “তথ্যের অবাধ প্রকাশ জনগণ ও রাষ্ট্রের মধ্যে আস্থার সম্পর্ক সমুন্নত রাখতে ভূমিকা রাখে”



বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার তথ্য ও গণসংযোগ বিভাগের IPRD news clipping book & info. Cyclopedia এর মোড়ক উন্মোচন করেন।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২ উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এর সভাকক্ষে বাউবি তথ্য অধিকার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কমিটির আয়োজনে আজ ২৮ সেপ্টেম্বর ২০২২, বুধবার অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও মোড়ক উন্মোচন অনুষ্ঠান। তথ্য ও গণসংযোগ বিভাগের সার্বিক সহযোগিতায় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি বলেন, তথ্যের অবাধ প্রকাশ জনগণ ও রাষ্ট্রের মধ্যে আস্থার সম্পর্ক সমুন্নত রাখতে ভূমিকা রাখে। তথ্য অধিকারকে জনগণের ক্ষমতায়নের একটি মাধ্যম হিসেবেও বিবেচনা করা হয়। যত বেশি তথ্য প্রবাহ জনগণের দোরগোড়ায় পৌঁছাবে, ততই সচেতনতা বাড়বে, বাড়বে কাজের গতিও।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এ বিষয়ে কাজ করে যাচ্ছে। সরকারের একটি বৃহৎ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্টেক হোল্ডারদের কাছে যথাযথ তথ্য প্রদানে বদ্ধপরিকর। শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্টদের তথ্য পাওয়ার অধিকারকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে বাউবি। এছাড়াও, তথ্য ও গণসংযোগ বিভাগ যথাযথ নীতিমালা অনুসরণ করে সংবাদকর্মীদের এ ব্যাপারে সহযোগিতা করে থাকে। অনুষ্ঠান শেষে উপাচার্য তথ্য ও গণসংযোগ বিভাগের IPRD news clipping book & info. Cyclopedia এর মোড়ক উন্মোচন করেন।

তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক আ ফ ম মেজবাহ উদ্দিনের সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মুহা. শফিকুল আলম। সভায় আরো উপস্থিত ছিলেন বাউবির বিভিন্ন স্কুলের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তাবৃন্দ।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)